

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৯ অগ্রহায়ণ ১৪২১/২৩ নভেম্বর ২০১৪

নম্বর ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৩.৩৬২—বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী গত ১১ নভেম্বর ২০১৪ তারিখে ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে.....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর।

২। প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী ১৯২৮ সালের ২৩ ফেব্রুয়ারি ঝিনাইদহে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিপ্লোমা লাভ করেন। উভয় পরীক্ষায় তিনি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেন। এছাড়া তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকেও এমএ ডিপ্লোমা লাভ করেন। প্রফেসর সিদ্দিকী রাজশাহী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। তিনি দীর্ঘ আট বছর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি গণ বিশ্ববিদ্যালয়েও উপাচার্য ছিলেন। ১৯৯০-৯১ সালে তিনি তত্ত্ববিদ্যায়ক সরকারের উপদেষ্টা হিসাবে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন।

৩। প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও শিক্ষামূলক সংগঠনের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি বাংলা একাডেমির ফেলো; এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ এর ফেলো; বাংলাদেশ-ভারত মৈত্রী সমিতির সভাপতি এবং নাগরিক নাট্য সম্প্রদায়ের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন।

(১৯৬৩৯)
মূল্য : টাকা ৮.০০

৪। প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী অধ্যাপনা, গবেষণা ও সৃজনশীল রচনার মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে অসামান্য অবদান রেখেছেন। তাঁর প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৪০। এর মধ্যে ‘Visions and Revisions’, Quest for a Civil Society’, ‘আমার চলার পথে’ ইত্যাদি উল্লেখযোগ্য। তাঁর লেখা ‘Higher Education in Bangladesh, 1947-1992’ একটি গবেষণামূলক গ্রন্থ। তিনি বাংলা একাডেমির English-Bengali Dictionary-এর সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন।

৫। প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী শিক্ষা ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২০১০ সালে ‘স্বাধীনতা পদক’-এ ভূষিত হন। এছাড়া তিনি বাংলা সাহিত্যে অবদানের জন্য ‘বাংলা একাডেমী পুরস্কার’, ‘আলাওল সাহিত্য পুরস্কার’, ‘অলঙ্ক সাহিত্য পুরস্কার’ এবং এম.এ. হক সর্বপদকসহ বিভিন্ন পদক ও সমাননায় ভূষিত হয়েছেন। বিশিষ্ট এ শিক্ষাবিদের মৃত্যু জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি।

৬। মুক্তচিন্তার অধিকারী শিক্ষাবিদ ও সাহিত্যিক প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৩ অগ্রহায়ণ ১৪২১/১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৭। বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর মৃত্যুতে মন্ত্রিসভার ০৩ অগ্রহায়ণ ১৪২১/ ১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞ্চ
মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

০৩ অগ্রহায়ণ ১৪২১
ঢাকা : ১৭ নভেম্বর ২০১৪

বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী গত ১১ নভেম্বর ২০১৪ তারিখে
ঢাকায় ইষ্টেকাল করেন (ইন্নালিল্লাহে.....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল
৮৬ বছর।

প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী ১৯২৮ সালের ২৩ ফেব্রুয়ারি বিনাইদনহে জন্মগ্রহণ
করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিপ্লি লাভ
করেন। উভয় পরীক্ষায় তিনি প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেন। এছাড়া তিনি
অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকেও এমএ ডিপ্লি লাভ করেন। প্রফেসর সিদ্দিকী রাজশাহী ও
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। তিনি দীর্ঘ আট বছর জাহাঙ্গীরনগর
বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি গণ বিশ্ববিদ্যালয়েরও
উপাচার্য ছিলেন। ১৯৯০-৯১ সালে তিনি তত্ত্ববিদ্যাক সরকারের উপদেষ্টা হিসাবে শিক্ষা
মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন।

প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও শিক্ষামূলক
সংগঠনের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি বাংলা একাডেমির ফেলো; এশিয়াটিক সোসাইটি,
বাংলাদেশ-এর ফেলো; বাংলাদেশ-ভারত মৈত্রী সমিতির সভাপতি এবং নাগরিক নাট্য
সম্প্রদায়ের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন।

প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী অধ্যাপনা, গবেষণা ও সূজনশীল রচনার মাধ্যমে
শিক্ষা ক্ষেত্রে অসামান্য অবদান রেখেছেন। তাঁর প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৪০। এর মধ্যে
'Visions and Revisions', Quest for a Civil Society', 'আমার চলার পথে' ইত্যাদি উল্লেখযোগ্য। তাঁর লেখা 'Higher Education in Bangladesh, 1947-
1992' একটি গবেষণামূলক গ্রন্থ। তিনি বাংলা একাডেমির English-Bengali
Dictionary-এর সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন।

প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী শিক্ষা ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২০১০
সালে 'স্বাধীনতা পদক'-এ ভূষিত হন। এছাড়া তিনি বাংলা সাহিত্যে অবদানের জন্য 'বাংলা
একাডেমী পুরস্কার', 'আলাওল সাহিত্য পুরস্কার', 'অলঙ্ক সাহিত্য পুরস্কার' এবং এম.এ.
হক স্বর্ণপদকসহ বিভিন্ন পদক ও সম্মাননায় ভূষিত হয়েছেন। বিশিষ্ট এ শিক্ষাবিদের মৃত্যু
জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি।

মন্ত্রিসভা মুক্তিচ্ছাত্র অধিকারী শিক্ষাবিদ ও সাহিত্যিক প্রফেসর জিল্লুর রহমান
সিদ্দিকীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। মন্ত্রিসভা তাঁর বিদেহী আত্মার
মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা
জ্ঞাপন করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd